অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/22/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল প্রাণী আশ্রয়কেন্দ্রের উন্নয়নে সমর্থনের জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করেছেন

তহবিল নিউ ইয়র্কের প্রাণী আশ্রয়কেন্দ্রগুলিতে প্রাণীর পরিচর্যা ও স্বাস্থ্যসেবা উন্নত করতে নির্মাণ, সংস্কার এবং সম্প্রসারণ প্রজেক্টগুলিকে সমর্থন করবে

2017 সাল থেকে স্টেটের Companion Animal Capital প্রজেক্টের তহবিল হিসেবে 48 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বরাদ্দ করা হয়েছে

2026-27 সালের বাজেটে প্রোগ্রামের পরবর্তী রাউন্ডের জন্য তহবিল প্রদান অব্যাহত রাখা হয়েছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটের (New York State) Companion Animal Capital Projects Fund-এর অষ্টম রাউন্ডের মাধ্যমে পুরো স্টেটের 31টি প্রাণী পরিচর্যা সংস্থাকে প্রায় 10 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে, এটি প্রাণী আশ্রয়কেন্দ্রের জন্য মূলধনী প্রজেক্টের তহবিল দেওয়ার জন্য দেশের প্রথম স্টেট প্রোগ্রাম। তহবিলটি এমন নির্মাণ, সংস্কার এবং সম্প্রসারণ প্রজেক্টগুলিকে সহায়তা করবে যা প্রাণী পরিচর্যা ও স্বাস্থ্যসেবাকে উন্নত করবে এবং নিউ ইয়র্কের কুকুর ও বিড়ালের দত্তক নেওয়া নিশ্চিত করতে সাহায্য করবে, এবং সুবিধাবঞ্চিত অঞ্চলের মিউনিসিপ্যালিটির সাথে চুক্তিবদ্ধ নয় এমন আশ্রয়দানকারী সংস্থার জন্য 1 মিলিয়ন মার্কিন ডলার বিশেষভাবে বরাদ্দ দেওয়া হয়েছে। এটি আশ্রয়কেন্দ্রে দত্তক নেওয়ার অপেক্ষায় থাকার সময় কুকুর ও বিড়ালের নিরাপদ আবাসন ও পরিচর্যা নিশ্চিত করার ক্ষেত্রে গভর্নর Hochul-এর (হোকল) প্রতিশ্রুতির ধারাবাহিকতায় হচ্ছে।

"বিড়াল ও কুকুর থেকে শুরু করে খরগোশ, গিনিপিগ এবং অন্যান্য ছোট প্রাণী পর্যন্ত সব পোষা প্রাণীই পরিবারের অংশ," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "প্রিয় এই সঙ্গী প্রাণীগুলির অনেকেই তাদের যাত্রা শুরু করে কোনো প্রাণী আশ্রয়কেন্দ্র বা হিউমেন সোসাইটিতে, তাই নিউ ইয়র্কের ঐতিহাসিক Companion Animal Capital Projects Fund-এর মাধ্যমে এই গুরুত্বপূর্ণ সংস্থাগুলিকে সমর্থন করে যেতে পেরে আমি গর্বিত। আজকে দেওয়া এই তহবিল বাস্তব পরিবর্তন আনবে, নিজেদের নতুন পরিবারের জন্য অপেক্ষা করার সময় আমাদের লোমশ বন্ধুদের নিরাপদে ও যত্নে রাখার জন্য প্রয়োজনীয় সরঞ্জাম দিয়ে এই অতি গুরুত্বপূর্ণ স্থাপনাগুলিকে আরো ভালোভাবে সজ্জিত করতে সাহায্য করবে।"

2017 সালে ডিপার্টমেন্ট অফ এগ্রিকালচার অ্যান্ড মার্কেটসের (Department of Agriculture and Markets) পরিচালিত Companion Animal Capital Projects Fund প্রোগ্রাম শুরুর পর থেকে স্টেট এই প্রোগ্রামে 48 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অর্থ বরাদ্দ করেছে। নিউ ইয়র্কে এখন পর্যন্ত মোট 150টি প্রজেক্টের অনুমোদন দেওয়া হয়েছে। এই তহবিল কুকুরের কেনেল সংস্কার, চিকিৎসা সুবিধার উন্নয়ন, অথবা সামগ্রিক পরিচালনার খরচ কমানোর জন্য আরো কার্যকর আশ্রয়কেন্দ্র নির্মাণের সাথে সংশ্লিষ্ট খরচের চাপ কমাতে সাহায্য করে। এই বছর অর্থায়ন করা প্রজেক্টের মধ্যে আছে কুকুর এবং বিড়ালের জন্য উন্নত বাসস্থান, উন্নত HVAC এবং হিটিং সিস্টেম, উন্নত চিকিৎসা সেবার উন্নতির জন্য স্থাপনার সম্প্রসারণ, এবং সে সাথে আরো অবকাঠামোগত উন্নয়ন কাজ।

প্রয়োজনের মূল্যায়ন, প্রজেক্টের বিস্তারিত বর্ণনা, এবং খরচ যুক্তিসঙ্গত কি না তার উপর ভিত্তি করে প্রতিযোগিতামূলক অনুদান প্রদান করা হয়েছে। প্রোগ্রামের এই রাউন্ডে নিম্নলিখিত সংস্থাগুলি সম্ভাব্য সর্বোচ্চ অর্থ পাচ্ছে: অর্থ পাওয়া 31টি সংস্থার একটি সম্পূর্ণ তালিকা এবং অর্থায়নকৃত প্রজেক্টের একটি সংক্ষিপ্ত বিবরণ এখানে পাওয়া যাবে।

- **Animal Kind, কলাম্বিয়া (Columbia) কাউন্টি*** - বিড়ালের জন্য বৈদ্যুতিক, প্লাম্বিং ও HVAC সিস্টেমের উন্নয়ন এবং নতুন অবকাঠামো স্থাপনের জন্য 500,000 মার্কিন ডলার।
- **Chautauqua County Humane Society, শ্যাটাকোয়া (Chautauqua) কাউন্টি** - স্যানিটেশনের উন্নয়ন এবং দেয়াল ও মেঝের উন্নয়নের জন্য 500,000 মার্কিন ডলার।
- **নিউবার্গ (Newburgh) সিটি, অরেঞ্জ (Orange) কাউন্টি** - নতুন আশ্রয়কেন্দ্র নির্মাণের জন্য 500,000 মার্কিন ডলার।
- **Fulton County SPCA, ফুল্টন (Fulton) কাউন্টি*** - বৈদ্যুতিক ও বাতির উন্নয়ন, অগ্নিনিরাপত্তা ব্যবস্থা স্থাপন এবং নতুন লন্ড্রির স্থান ও নতুন কুকুরেরকেনেল নির্মাণের জন্য 500,000 মার্কিন ডলার।
- **Happy Life Animal Rescue, ডাচেস (Dutchess) কাউন্টি** - স্যানিটেশনের উন্নয়ন, প্রাণীর আবাসন উন্নয়ন এবং ভেন্টিলেশন ব্যবস্থার উন্নয়নের জন্য 500,000 মার্কিন ডলার।
- **Jefferson County SPCA, জেফার্সন (Jefferson) কাউন্টি** - নতুনকেনেল ও উন্নয়নের সরঞ্জাম সংযোজন এবং ইন্স্যুলেশন, HVAC সিস্টেম ও মেঝে স্থাপনের জন্য 500,000 মার্কিন ডলার।
- **Northern Chautauqua Canine Rescue, শ্যাটাকোয়া কাউন্টি** - নতুন আশ্রয়কেন্দ্র নির্মাণের জন্য 500,000 মার্কিন ডলার।
- **অন্টারিও (Ontario) কাউন্টি, অন্টারিও কাউন্টি** - বিদ্যমান স্থাপনা উন্নয়ন ও সম্প্রসারণের জন্য 500,000 মার্কিন ডলার।
- **অর্লিন্স (Orleans) কাউন্টি , অর্লিন্স কাউন্টি** -কেনেল স্থাপন, উন্নত বেড়া ও HVAC সিস্টেম, কাঠামোগত মেরামত এবং ড্রেনেজ উন্নয়নের জন্য 500,000 মার্কিন ডলার।

- **St. Lawrence Valley SPCA, সেইন্ট লরেন্স (St. Lawrence) কাউন্টি** -কেনেল ও মেঝের উন্নয়ন, সাউন্ডপ্রুফিং সিস্টেম স্থাপন এবং অফিস পুনর্গঠনের জন্য 500,000 মার্কিন ডলার।
- **হেম্পস্টেড (Hempstead) টাউন, নাসাউ (Nassau) কাউন্টি** - নতুন কুকুরের মেডিকেল স্যুইট, কেনেল স্থাপন, সাউন্ডপ্রুফিং সিস্টেম, এবং HVAC, প্লাম্বিং ও ড্রেনেজ হালনাগাদের জন্য 500,000 মার্কিন ডলার।
- **Wanderers Rest, ম্যাডিসন (Madison) কাউন্টি** - গ্যাস ও বৈদ্যুতিক ব্যবস্থার উন্নয়ন এবং নতুন হিট পাম্প ও ভেন্টিলেশন সিস্টেম স্থাপনের জন্য 500,000 মার্কিন ডলার।

*এই আশ্রয়দানকারী সংস্থাগুলি পৌরসভার সঙ্গে চুক্তিবদ্ধ নয়।

নিউ ইয়র্ক স্টেটের কৃষি কমিশনার Richard A. Ball (রিচার্ড এ বল) বলেন, "প্রাণী আশ্রয়কেন্দ্র এবং হিউমেন সোসাইটিগুলি আমাদের কমিউনিটির জন্য অমূল্য সংস্থা, তারা পুরো স্টেটে দত্তকের অপেক্ষায় থাকা প্রাণীর জন্য অস্থায়ী আবাসন, অতি প্রয়োজনীয় চিকিৎসা সেবা, দৈনিক উন্নতির কার্যক্রম এবং আরো অনেক কিছু প্রদান করে। এখন তহবিলের অষ্টম রাউন্ডে পৌঁছে, Companion Animal Capital Projects প্রোগ্রাম এই সংস্থাগুলির জন্য বাস্তব ও ইতিবাচক প্রভাব সৃষ্টি করেছে এবং এই ভালো কাজের ধারাবাহিকতা দেখে আমি গর্বিত।"

নিউ ইয়র্ক স্টেটের Animal Protection Federation-এর এক্সিকিউটিভ ডিরেক্টর (Libby Post) বলেন, "আরো একবার, নিউ ইয়র্ক স্টেটের নেতৃত্ব Companion Animal Capital Fund-এর মাধ্যমে গৃহহীন সঙ্গী প্রাণীর স্বাস্থ্য ও কল্যাণের প্রতি তাদের প্রতিশ্রুতি প্রদর্শন করেছে। এই অনুদানগুলি স্টেটের দেওয়া সব থেকে ফলপ্রসূ তহবিল এবং তা পুরো স্টেটের আশ্রয়কেন্দ্রগুলিকে তাদের স্থাপনা উন্নত করতে এবং একই সাথে Companion Animal Care Standards Act-এর শর্ত পূরণ করতে সাহায্য করবে। গভর্নর Hochul (হোকল), সিনেটের সংখ্যাগরিষ্ঠদের নেতা Andrea Stewart-Cousins (অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স), অ্যাসেম্বলির স্পিকার Carl Heastie (কার্ল হিস্টি), তাদের নিজ নিজ কৃষি কমিটির প্রধান, সিনেটর Michelle Hinchey ((মিশেল হিঞ্চি) ও অ্যাসেম্বলির সদস্য Donna Lupardo (ডোনা লুপার্ডো) এবং প্রতিটি হাউজে আমাদের সমর্থক, সিনেটর Joe Addabbo (জো আডাবো) ও অ্যাসেম্বলির সদস্য Deborah Glick-এর (ডেবোরাহ ক্লিক) নেতৃত্বের জন্য ফেডারেশন অত্যন্ত কৃতজ্ঞ। নিউ ইয়র্ক স্টেটই দেশের একমাত্র স্টেট যাদের এই ধরনের মূলধনী প্রোগ্রাম আছে। তাদের প্রতিশ্রুতিই এটি সম্ভব করেছে।"

স্টেটের সিনেটর Michelle Hinchey (মিশেল হিঞ্চি) বলেন, "Companion Animal Capital Fund আমাদের স্থানীয় প্রাণী আশ্রয়কেন্দ্র ও উদ্ধার সংস্থাগুলির জন্য টিকে থাকার একটি অবলম্বন, যা স্থাপনাগুলির আধুনিকায়ন করতে এবং তাদের তত্ত্বাবধানে, কোনো স্নেহময় পরিবারের দত্তক নেওয়ার অপেক্ষায় থাকা প্রাণীদের জন্য সেরা পরিবেশ নিশ্চিত করতে সাহায্য করার গুরুত্বপূর্ণ অনুদান সমর্থন দেয়। আমি এই প্রোগ্রামের জন্য তহবিল নিশ্চিত করতে পেরে সবসময় গর্বিত হই এবং আমাদের পুরো স্টেটের কমিউনিটিগুলিতে অসাধারণ কাজ করার জন্য সর্বশেষ এই রাউন্ডের অর্থপ্রাপ্তকে সকলকে অভিনন্দন জানাচ্ছি।"

অ্যাসেম্বলির সদস্য Donna Lupardo (ডোনা লুপার্ডো) বলেন, "2017 সাল থেকে Companion Animal Capital Fund 150টি প্রজেক্টের তহবিল দিয়েছে, যার মাধ্যমে স্টেটের আশ্রয়কেন্দ্রগুলিতে অতি প্রয়োজনীয় উন্নয়ন করা হয়েছে। আমি খুবই আনন্দিত যে সর্বশেষ রাউন্ডের তহবিলের মাধ্যমে আমরা আরো 31টি আশ্রয়কেন্দ্রকে সমর্থন করতে পারছি। প্রাণীরা যখন তাদের স্থায়ী বাড়ির অপেক্ষায় থাকে তখন তাদের যত্ন নিয়ে তারা যে গুরুত্বপূর্ণ কাজ করেন, তার জন্য তাদেরকে ধন্যবাদ দিয়ে শেষ করা যাবে না। আমি নিজের চোখে দেখেছি যে এই তহবিলগুলি কত ভালোভাবে ব্যবহার হয়েছে এবং এই সংস্থানগুলি কতটা প্রয়োজনীয়।"

ডিপার্টমেন্ট অফ অ্যাগ্রিকালচার অ্যান্ড মার্কেটসের ডিভিশন অফ অ্যানিমেল ইন্ডাস্ট্রি (Division of Animal Industry), যা Companion Animal Capital Projects Fund পরিচালনা করে, তারা কুকুরের লাইসেন্স দেওয়াকে নিয়ন্ত্রণ করে, বাজেয়াপ্ত করা কুকুরের মানবিক যত্ন ও মিউনিসিপাল আশ্রয়কেন্দ্র পরিদর্শনের মান নির্ধারণ করে, Pet Dealer Inspection প্রোগ্রাম পরিচালনা করে এবং নিউ ইয়র্ক স্টেটের Animal Population Control প্রোগ্রামের চুক্তির তদারকি করে। ডিভিশনটি এছাড়াও অনেক সরকারি ও বেসরকারি এজেন্সির সাথে নিয়ন্ত্রক ও সমবায়ী শিক্ষামূলক প্রচেষ্টার মাধ্যমে টেকসই প্রাণীভিত্তিক কৃষি উৎপাদন এবং প্রাণী থেকে উৎপাদিত খাদ্য সরবরাহের নিরাপত্তা উন্নত করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন